



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২৫০

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৬

১২ মে ২০১৯

বিষয়: নৌপথে ২০০ মে.টন গমের চলাচল উপ-সূচি।

সূত্র: চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের
১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭-২৪৩ নং স্মারক।


চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের সূত্রস্থ স্মারকে আশুগঞ্জ সাইলো হতে নৌপথে সুনামগঞ্জ জেলার মল্লিকপুর এলএসডিতে ২০০ মে.টন গমের চলাচল সূচি জারির প্রেক্ষিতে নিম্নোক্তভাবে উপ-সূচি নির্দেশক্রমে জারি করা হলো:

ক্রঃনং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	শ্রেণি	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
০১	মেসার্স খাজা ট্রেডার্স	ডিবিসিসি ঢাকা (গ্রুপ-সি)	আশুগঞ্জ সাইলো	সুনামগঞ্জ	মল্লিকপুর	এলএসডি	১০০	গম	নৌ
০২	রাতুল এন্টারপ্রাইজ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	১০০	ঐ	ঐ
						মোট =	২০০		

পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলি পালনীয়:

- ১। সূচির বিপরীতে প্রেরিতব্য গম সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত মান সম্পন্ন এবং সাধারণ বিতরণযোগ্য হতে হবে। প্রেরিতব্য গমের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সু-স্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে;
- ২। প্রতি বার্তা/নৌযানে প্রেরিত গমের নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে;
- ৩। কীট আক্রান্ত এবং নিম্নমানের কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সাইলোর ওয়ারেন্টি মোতাবেক গম প্রেরণ করতে হবে;
- ৪। ঠিকাদার উপযুক্ত ড্রাফট সম্পন্ন নৌযান নির্ধারিত তারিখে উপস্থাপন করবেন;
- ৫। প্রেরকগণকে নদীর নাব্যতা এবং নৌ-যানের ধারণ ক্ষমতা, ড্রাফট, ফিটনেস ইত্যাদি যাচাই করে গম বোঝাই দিতে হবে;
- ৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;
- ৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;
- ৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

- ৮। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;
- ৯। সূচির মেয়াদ আগামী ২২/০৫/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;
- ১০। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে জনস্বার্থে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।



১২-৫-২০১৯

মোঃ সেলিমুল আজম
উপ-পরিচালক

বিতরণ :


- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ
- ২) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২৫০/১

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৬
১২ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট বিভাগ
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ, সিলেট।
- ৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি।
- ৭) মেসার্স, ডিবিসিসি, ঢাকা নৌ পরিবহণ ঠিকাদার।



১২-৫-২০১৯

মোঃ সেলিমুল আজম
উপ-পরিচালক